# কারক

প্রবাল চক্রবর্তী

P2A

# কারক

কৃ+ণক

# কারক

- যা ক্রিয়া সম্পাদন করে (অর্থ)
- ক্রিয়া পদের সাথে অন্য পদের সম্পর্ক

বাক্যের ক্রিয়াপদের সঙ্গে নাম পদের যে সম্পর্ক, তাকে কারক বলে।

Positive People's Alliance (P²A)

# কারকের প্রকারভেদ

Positive People's Alliance (P2A)

- কতৃ
- কর্ম
- করণ
- সম্প্রদান
- অপাদান
- অধিকরণ

- কর্তা
- কর্ম
- করণ
- অপাদান
- অধিকরণ
- সম্বন্ধ

Positive People's Alliance (P²A)

| ক্রিয়াকে প্রশ্ন | উত্তর যে কারক |
|---|---|
| কে, কারা? | কর্তৃকারক |
| কী, কাকে? | কর্মকারক |
| কী দিয়ে? | করণকারক |
| কাকে দান করা হল? | সম্প্রদান কারক |
| কি হতে বের হল? | অপাদান কারক |
| কোথায়, কখন, কী বিষয়ে? | অধিকরণ কারক |

# বিভক্তি

Positive People's Alliance ($P^2A$)

প্রথমা- ০, অ,

দ্বিতীয়া , চতুর্থী=কে,রে

তৃতীয়া- দ্বারা, দিয়া, কতৃক

পঞ্চমী- হতে, থেকে, চেয়ে

ষষ্ঠী- র, এর

সপ্তমী- এ, য়, তে

# কর্তা কারক

বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ কাজ সম্পন্ন করে তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বা কর্তা কারক বলে।

ক্রিয়ার সঙ্গে কে বা কারা যোগ করে প্রশ্ন করলে উত্তরে কর্তৃকারক পাওয়া যায়।



# ঘোড়ায় গাড়ি টানে


ছাগলে কাঁঠাল পাতা খায়

বুলবুলিতে ধান খেয়েছে
খাজনা দিব কিসে



# কর্তা কারক

Positive People's Alliance (P²A)

আমারে তুমি রক্ষা করো-

দংশিল সর্বাঙ্গে মোর নাগ-নাগবালা-

পরীক্ষা এলেই তার চোখের জল ঝরে-

স্রোতে নৌকাটি উল্টিয়ে দিল-

পাখি সব করে রব রাতি পোহাইল-

# কর্তা কারক

Positive People's Alliance (P²A)

- লক্ষ্মীছাড়া শিমুল গাছটির বড়ো বাড় বেড়েছে-
- সকলকে মরিতে হবে-
- টাকায় টাকা আনে-
- ভাইয়ে ভাইয়ে বেশ মিল-

# কর্তৃকারকের প্রকারভেদ

মুখ্য কর্তা

প্রযোজক কর্তা

প্রযোজ্য কর্তা

ব্যতিহার কর্তা

# মুখ্য কর্তা

Positive People's Alliance (P²A)

যে নিজে নিজেই ক্রিয়া সম্পাদন করে সে মুখ্য কর্তা।

# মুখ্যকর্তা

ছেলেরা ফুটবল খেলছে



# প্রযোজক কর্তা

**শিক্ষক** ছাত্রদের ব্যাকরন পড়াচ্ছেন



# প্রযোজ্য কর্তা

রাখাল গরুকে ঘাস খাওয়াচ্ছে



# ব্যতিহার কর্তা

Positive People's Alliance (P²A)

কোন বাক্যে যে দুটো কর্তা একত্রে **একজাতীয়** ক্রিয়া সম্পাদন করে তাদের ব্যতিহার কর্তা বলে।



ব্যতিহার কর্তা

বাঘে মহিষে এক ঘাটে জল খায়

# ব্যতিহার কর্তা

রাজায় রাজায় লড়াই



# কর্ম কারক

যাকে আশ্রয় করে কাজ করা হয় ( কী কাকে)

(whom, what)

# কর্ম কারক

মেয়েটি ফুল তুলছে



# কর্মকারক



ভাইয়া বই পড়ে

# কর্ম ২ প্রকার

মুখ্য কর্ম

গৌণ কর্ম

# বস মেয়েটিকে কলম দিলেন



# কর্ম কারকের প্রকারভেদ

- সকর্মক ক্রিয়ার কর্ম
- প্রযোজক ক্রিয়ার কর্ম
- সমধাতুজ কর্ম
- উদ্দেশ্য ও বিধেয়

# সকর্মক ক্রিয়ার কর্ম


নাসিমা **ফুল** তুলছে



# প্রযোজক ক্রিয়ার কর্ম

ছেলেটিকে বিছানায় শোয়া




সমধাতুজ কর্ম-
খুব এক ঘুম ঘুমিয়েছি'

# কর্ম কারক

Positive People's Alliance (P²A)

- চন্ডালে বসাও আনি রাজার আলয়ে-
- আমার গানের মালা আমি করবো কারে দান-
- ডাক্তার ডাকো-
- ওয়াসিম তাজুলকে সাদিয়া গতকাল মেরেছে-
- কারক পড়ায় তারক ঠাকুর-
- জিজ্ঞাসিব জনে জনে-
- গুণহীনে ত্যাগ করো-

# সম্প্রদান কারক

দান, ভক্তি, শ্রদ্ধা

নিঃস্বার্থভাবে কিছু দেয়া ।

যাকে দেয়া হয়। যা দেয়া হয় তা নয়।

Positive People's Alliance (P2A)



# সম্প্রদান কারক

ভিখারিকে টাকা দাও।



# সম্প্রদান কারক

অন্ধজনে দেহ আলো ।

# উদ্দেশ্য বা নিমিত্ত:

নামাজে চলো ।

হজে চলো ।

যুদ্ধে চলো।

বেলা যে পড়ে এল, জলকে চলো।

Positive People's Alliance (P²A)

# করণ কারক

যন্ত্র সহায়ক বা উপায়

কীসের দ্বারা, কী উপায়ে


# করণ কারক

লাঙ্গল দিয়ে চাষ করে

নীরা কলম দিয়ে লিখে

কর্তা

করণ



# করণ কারক

জগতে কীর্তিমান
হয় সাধনায়।



Positive People's Alliance (P²A)

# করণ কারক

- ভেড়া দিয়ে দাগ চাষ করা সম্ভব নয়-
- আমরা কানে শুনি-
- পাখিকে তীর মারো-
- দড়িতে বাঁধ-
- তিরিশ বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে-

- আমার সোনার ধানে গিয়াছে ভরি-
- সোনার খাঁচা-
- বুদ্ধি খাটিয়ে কাজ করো-
- ব্যায়ামে শরীর ভালো থাকে-
- ফলে বৃক্ষের পরিচয়-

Positive People's Alliance (P²A)

# করণ কারক

তিনি চোখে দেখেন না-

আচরণেই ইতর ভদ্র বুঝা যায়-

কথায় নয়, কাজেই পরিচয়-

# করণ কারক

Positive People's Alliance (P2A)

- আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়-

- প্রচলিত আইনেই এই অপরাধের যোগ্য শাস্তির বিধান সম্ভব

# অপাদান কারক

Positive People's Alliance (P²A)

যা থেকে কিছু বিচ্যুত ,গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে ।

# অপাদান কারক

Positive People's Alliance (P²A)

কি হতে বের হল’

বা

‘কি থেকে’


বা

‘কিসের থেকে’

প্রশ্নের উত্তরই অপাদান কারক

# অপাদান

Positive People's Alliance (P2A)



# তৈরি হওয়া, উৎপন্ন হওয়া, সৃষ্টি হওয়া, জন্ম হওয়া

জমি থেকে ফসল পাই

দুধ থেকে দই হয়

চাল থেকে ভাত হয়

জলে বাষ্প হয়

তিলে তৈল হয়

টাকায় টাকা হয়



# বিচ্যুত হওয়া, হারিয়ে যাওয়া, চলে যাওয়া, পালিয়ে যাওয়া, দূরীভূত হওয়া

গাছ থেকে পাতা পড়ে

সাদামেঘে বৃষ্টি হয় না

চোখ দিয়ে পানি পড়ে

দেশ থেকে হায়েনারা চলে গেছে



## যাকে ভয় পাওয়া হয় বা ভীত হয়

বাঘকে ভয় পায় না কে
ভূতকে আবার কীসের ভয়-



# যাকে ভয় পাওয়া হয় বা ভীত হয়

বাবাকে বড্ড ভয় পাই।



তুলনা বুঝালে যার সাথে তুলনা করবেন সে অপাদান কারক

সাদিয়ার চেয়ে মালিহা অনেক বেশি সুন্দরী



কোনো সময় থেকে কিছু শুরু হলে, উৎপন্ন হলে, হারিয়ে গেলে অপাদান কারক

সকাল ৮টা থেকে পরীক্ষা শুরু

সোমবার থেকে কাজ শুরু

শুক্রবার স্কুল বন্ধ



# অধিকরণ কারক

ক্রিয়া সম্পাদনের কাল এবং আধার (সময় এবং স্থানকে)

ক্রিয়াকে ‘কোথায়/ কখন/ কী বিষয়ে’ দিয়ে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক।

# অপাদান/অধিকরণ

Positive People's Alliance (P2A)

- বাবা বাড়ি আছে অধিকরণ
- বাবা বাড়ি থেকে চলে গেছে → অপাদান
- স্টেশনে ট্রেন আছে → অধি
- স্টেশন ছেড়ে ট্রেন চলে গেছে → অপা
- তিলে তৈল হয় → অপা
- তিলে তৈল আছে → অধি
- ছাদে বৃষ্টি পড়ে → অধি
- ছাদ থেকে বৃষ্টি পড়ে → অপা
- জমিতে ফসল ফলে
- জমি থেকে ফসল পাই

# অধিকরণ কারক

# অধিকরণ (স্থান)

Positive People's Alliance (P2A)

এ বাড়িতে কেউ নেই

পুকুরে মাছ আছে

বনে বাঘ আছে

গাছে কাঁঠাল গোঁফে তেল

ট্রেন চট্টগ্রাম পৌঁছল

ছাদ থেকে নদী দেখা যায়-

গোলাপে গন্ধ আছে

# অধিকরণ (সময়)

Positive People's Alliance (P²A)

- সকাল, ভোর, প্রভাত, প্রত্যূষে, দুপুর, বিকালে, সাঁঝ, গোধূলি, সন্ধ্যা, রাত্রি, নিশি।

  সেকেন্ড, মিনিট, ঘণ্টা, দিন, সপ্তাহ, পক্ষ (১৫ দিন), মাস, বছর, যুগ, শতাব্দী ।

  যে কোন ঋতুর নাম—গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত।

  যে কোন মাসের নাম: বাংলা এবং ইংরেজি ১২টি মাসের নাম।

  যে কোন তারিখ বা সালের নাম: যেমন-১৯৭১ সালে মুক্তিযুদ্ধ হয়েছিল। বেলা যুক্ত যে কোন শব্দ ।

  ব্র রোজ, আজ, কাল, পরশু, গতকাল, আগামীকাল, বর্তমান, অতীত, ভবিষ্যৎ, মুহূর্ত, এমনকি সময় শব্দটি নিজেও অধিকরণ।

  যে কোন বার বা দিনের নাম: শনিবার, রবিবার, সোমবার, মঙ্গলবার, বুধবার, বৃহস্পতিবার ও শুক্রবার।

# অধিকরণ (সময়)

Positive People's Alliance (P2A)

- আজকে নগদ কালকে ধার
- বসন্তে কোকিল ডাকে।
- আমরা রোজ স্কুলে যাই
- এ বছর খুব ভাল ফসল হয়েছে। -
- তিনি শুক্রবারে আসবেন
- রাতে মশা দিনে মাছি এই নিয়ে ঢাকায় আছি।
- শরতে ধরাতল শিশিরে ঝলমল

# বিষয় বোঝালে (দক্ষতা, অদক্ষতা, পারদর্শীতা)

Positive People's Alliance (P²A)

- আলাভী বাংলা ব্যাকরণে ভালো
- আমাদের সেনারা সাহসে দুর্জয়, যুদ্ধে অপরাজেয়

# অধিকরণ

Positive People's Alliance (P²A)

পৃথিবীতে কে কাহার-

পাতায় পাতায় নিশির শিশির পড়ে-

খিলিপান দিয়ে ঔষধ খাবে-

অধিকরণ কারক তিন প্রকার। যথা

১. কালাধিকরণ,

২. আধারাধিকরণ এবং

৩. ভাবাধিকরণ।

Positive People's Alliance (P2A)

# কালাধিকরণ

যে কালে ক্রিয়া সম্পন্ন হয়, তাকে কালাধিকরণ কারক বলে।

**শরতে** শাপলা ফোটে।

# আধারাধিকরণ (তিন ভাগে বিভক্ত)

Positive People's Alliance (P2A)

১. ঐকদেশিক

২. অভিব্যাপক

৩. বৈষয়িক

# ঐকদেশিক:

Positive People's Alliance (P2A)

বিশাল স্থানের যে কোনো এক অংশে ক্রিয়া সংঘটিত হলে তাকে ঐকদেশিক আধারাধিকরণ বলে। যেমন-

Positive People's Alliance (P2A)

**পুকুরে** মাছ আছে। (পুকুরের যে কোনো একস্থানে)

**বনে** বাঘ আছে। (বনের যে কোনো এক অংশে)

**আকাশে** চাঁদ উঠেছে। (আকাশের কোনো এক অংশে)

সামীপ্য অর্থেও ঐকদেশিক অধিকরণ হয়।

যেমন-

**ঘাটে** নৌকা বাঁধা আছে। (ঘাটের কাছে)

'**দুয়ারে** দাঁড়ায়ে প্রার্থী, ভিক্ষা দেহ তারে। (দুয়ারের কাছে)

রাজার **দুয়ারে** হাতি বাঁধা।

Positive People's Alliance (P²A)

# অভিব্যাপক

Positive People's Alliance (P²A)

উদ্দিষ্ট বস্তু যদি সমগ্র আধার ব্যাপ্ত করে বিরাজমান থাকে, তবে তাকে অভিব্যাপক আধারাধিকরণ বলে।

# অভিব্যাপক

Positive People's Alliance (P²A)

যেমন-

**তিলে** তৈল আছে। (তিলের সারা অংশব্যাপী)

**নদীতে** পানি আছে। (নদীর সমস্ত অংশ ব্যাপ্ত করে)

# ভাবাধিকরণ

Positive People's Alliance (P²A)

যদি কোনো ক্রিয়াবাচক বিশেষ্য অন্য ক্রিয়ার কোনোরূপ ভাবের অভিব্যক্তি প্রকাশ করে, তবে তাকে ভাবাধিকরণ বলে।

যে বিশেষ্যের দ্বারা কোনো কাজের নাম বোঝানো হয়, তাকে ক্রিয়াবাচক বিশেষ্য বলে। উদাহরণ : গমন, চলন, দর্শন, খাওয়া, যাওয়া, দেখা, দেখানো, বলা, পড়া, শোনা, শোনানো, পড়ানো, গ্রহণ, বর্জন, পঠন-পাঠন, ভোজন ইত্যাদি।

Positive People's Alliance (P2A)

ভাবাধিকরণে সর্বদাই সপ্তমী বিভক্তির প্রয়োগ হয় বলে একে 'ভাবে সপ্তমী' বলা হয়। যেমন-

**সূর্যোদয়ে** অন্ধকার দূরীভূত হয়।

**কান্নায়** শোক মন্দীভূত হয়।

**হাসিতে** মুক্তা ঝরে।

# বৈষয়িক

Positive People's Alliance (P²A)

বিষয় বিশেষে বা কোনো বিশেষ গুণে কারও কোনো দক্ষতা বা ক্ষমতা থাকলে সেখানে বৈষয়িক অধিকরণ হয়।

যেমন-

রাকিব **অঙ্কে** কাঁচা কিন্তু **ব্যাকরণে** ভালো।

আমাদের সেনারা **সাহসে** দুর্জয়, **যুদ্ধে** অপরাজেয়।

Positive People's Alliance (P2A)

# হাসিবের ভাই বাড়ি যাবে।

Positive People's Alliance (P²A)

# সম্বন্ধ পদ

নাম পদে

Positive People's Alliance (P2A)

# Thank You